# Frequently Asked Questions (FAQ)

## Skills Verification Test

## *Skills Verification Program (SVP) সংক্রান্ত তথ্য:*

**১. তাকামলের Skills Verification Program (SVP) কী?**

**উত্তর:** তাকামলের আওতায় Skills Verification Program (SVP) হলো, বাংলাদেশ থেকে সৌদিগামী কর্মীদের দক্ষতা যাচাই করার জন্য তাকামল কর্তৃক যে টেস্ট নেয়া হয় তা তাকামল Skills Verification Program (SVP) নামে পরিচিত।

**২. Skills Verification Program (SVP) এর উদ্দেশ্য কী?**

**উত্তর:** শিল্পকারখানায় উৎপাদনশীলতা বৃদ্ধি ও সেবার মান বাড়ানো এবং শ্রমবাজারে দক্ষ কর্মীর নিয়োগবৃদ্ধি নিশ্চিত করা।

**৩. Skills Verification Test কারা দিবে?**

**উত্তর:** বাংলাদেশ থেকে নির্ধারিত পেশায় সৌদি আরব যেতে ইচ্ছুক সকল কর্মীকে দক্ষতা যাচাইয়ের অংশ হিসেবে অবশ্যই তাকামল Skills Verification Test দিতে হয়।

**৪. Skills Verification Test কিভাবে নেয়া হয়?**

**উত্তর:** Skills Verification Test দুটি ধাপে অনুষ্ঠিত হয়-

ক) CBT (Computer Based Test): কম্পিউটার মনিটরে প্রদর্শিত ১৫টি প্রশ্নের সঠিক উত্তরে বা সঠিক ছবিতে কম্পিউটার মাউস এর বাম বাটন ব্যবহার করে সঠিক উত্তর নির্ধারণ;

খ) Practical Test: বাস্তব কাজের মাধ্যমে দক্ষতা যাচাই।

**৫. Skills Verification Test এর সময় কত?**

**উত্তর:**

ক) CBT (Computer Based Test): সময়-৩০ মিনিট;

খ) Practical Test: সময়-১ঘন্টা ৩০ মিনিট।

**৬. Skills Verification Test সম্পর্কে ধারণা কোথায় পাবো?**

**উত্তর:** PACC Website (svp-international.pacc.sa), BMET এর পোর্টাল (https://shorturl.at/GQ3tw) এবং টেস্ট শুরুর পূর্বে প্রত্যেক টেস্ট সেন্টারে CBT ও Practical Test সম্পর্কে ৩০ মিনিট ধারণা (ব্রিফিং) প্রদান করা হয়।

### ৭. CBT ও Practical Test কি বাংলায় হয়?

**উত্তর:** টেস্টের আবেদনের সময় যে ভাষা নির্বাচন করা হয় সেই ভাষায় CBT হয় এবং সব ট্রেড/অকুপেশনের প্র্যাক্টিক্যাল টেস্ট বাংলায় হয়।

### ৮. Skills Verification Test কোথায় অনুষ্ঠিত হয়?

**উত্তর:** বর্তমানে বাংলাদেশে ২৮টি অনুমোদিত সেন্টারে (২৭টি টিটিসি ও ১টি বিআরটিসি) টেস্ট অনুষ্ঠিত হয়।

মোট ২৮টি সেন্টারে (টিটিসি) টেস্ট দেওয়া যায়। টেস্টিং সেন্টারসমূহের নাম:

১. বাংলা-জার্মান টিটিসি, ঢাকা;
২. বাংলাদেশ-কোরিয়া টিটিসি, ঢাকা;
৩. বগুড়া টিটিসি;
৪. নীলফামারী টিটিসি;
৫. কুমিল্লা টিটিসি;
৬. রাজশাহী টিটিসি;
৭. ময়মনসিংহ টিটিসি;
৮. চাঁপাইনবাবগঞ্জ টিটিসি;
৯. বরিশাল টিটিসি;
১০. যশোর টিটিসি;
১১. বাংলাদেশ-কোরিয়া টিটিসি, চট্টগ্রাম;
১২. খুলনা টিটিসি;
১৩. ফরিদপুর টিটিসি;
১৪. ব্রাহ্মণবাড়িয়া টিটিসি;
১৫. মাদারীপুর টিটিসি;
১৬. পাবনা টিটিসি;
১৭. শরীয়তপুর টিটিসি;
১৮. পিরোজপুর টিটিসি;
১৯. কিশোরগঞ্জ টিটিসি;
২০. নড়াইল টিটিসি;
২১. মানিকগঞ্জ টিটিসি;
২২. মেহেরপুর টিটিসি;
২৩. টাঙ্গাইল টিটিসি;
২৪. নোয়াখালী টিটিসি;
২৫. নরসিংদী টিটিসি;
২৬. সিলেট টিটিসি;
২৭. পটুয়াখালী টিটিসি;
২৮. বিআরটিসি, গাজীপুর।

## *Skills Verification Program (SVP) এ অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন সংক্রান্ত তথ্য:*

### ১. Skills Verification Test দেয়ার জন্য কী করতে হয়?


**উত্তর:** Skills Verification Test দেয়ার জন্য একজন প্রার্থী ওয়েবসাইটে (svp-international.pacc.sa) যথাযথ নিয়মে রেজিস্ট্রেশন সম্পন্ন করে টেস্টের জন্য সেন্টার ও তারিখ নির্বাচনপূর্বক ৫০ ডলার (কমবেশি ৬১৫০ টাকা) ফি পরিশোধ করে টেস্ট দিতে পারে।

### ২. Skills Verification Test দেয়ার জন্য কীভাবে রেজিস্ট্রেশন করতে হয়?

**উত্তর:** রেজিস্ট্রেশনের জন্য নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণপূর্বক Sign-up করতে হয়-

- প্রথমে- svp-international.pacc.sa ওয়েবসাইটটি ভিজিট করুন;
- Sign-up এ ক্লিক করুন;
- রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করুন **(সকল তথ্য পাসপোর্ট অনুসারে প্রদান করতে হবে)**;
    - First Name (Given Name);
    - Last Name (Surname);
    - NID নম্বর;
    - ভ্যালিড পাসপোর্ট নম্বর;
    - দেশের নাম;
    - জাতীয়তা;
    - ইমেইল এড্রেস (প্রার্থীর নিজের সক্রিয় ইমেইল এড্রেস দিতে হবে যেমন: প্রচলিত ডোমেইন বেইজড মেইল gmail, yahoo ইত্যাদি);
    - জন্ম তারিখ;
    - পাসপোর্টের মেয়াদোত্তীর্ণের তারিখ;
    - পাসওয়ার্ড (স্ট্রং পাসওয়ার্ডের নমুনা হলো বড় হাতের অক্ষর (A–Z), ছোট হাতের অক্ষর (a–z), সংখ্যা (0–9), বিশেষ চিহ্ন (! @ # $ % ^ & * ইত্যাদি) থেকে কমপক্ষে একটি করে থাকবে এবং দৈর্ঘ্য কমপক্ষে ৮ অক্ষর হবে যেমন: Rashed@345);
    - কনফার্ম পাসওয়ার্ড (পরবর্তী Sign-in কার্যক্রমের জন্য যত্নসহকারে পাসওয়ার্ড সংরক্ষণ করুন);
    - 'Agree to acknowledge that all the data are correct' অপশন ক্লিক করে প্রদত্ত তথ্য সঠিক আছে তা নিশ্চিত করুন এবং পরবর্তী ধাপে অগ্রসর হোন;
    - আপনার ইমেইল এড্রেস প্রেরণকৃত **ভ্যারিফিকেশন কোডটি** সংশ্লিষ্ট ঘরে লিখুন;

Sign-up সফলভাবে সম্পন্ন হলে স্ক্রীনে প্রদর্শিত হবে **'Welcome to SVP'**



Register for Skills Verification Test
Visit svp-international.pacc.sa
Click "Sign-up"
Fill Registration Form
• First Name
• Last Name
• NID Number
• Valid Passport Number
• Current Country of Residence
• Nationality
• Email
• Date of Birth
• Passport Expiration Date
• Password
• Confirm Password
Agree to acknowledge that all the data are correct
Enter verification code
Welcome to SVP

### ৩. Skills Verification Test দেয়ার জন্য কীভাবে এপয়েন্টমেন্ট নিতে হয়?

**উত্তর:** এপয়েন্টমেন্ট নেয়ার জন্য একজন প্রার্থীকে তাকামলের ওয়েবসাইট (svp-international.pacc.sa)-এ রেজিস্ট্রেশনের সময় ব্যবহৃত **ইমেইল ও পাসওয়ার্ড** দিয়ে **Sign-in** করতে হবে।

**Sign-in** করার পর প্রার্থীর প্রদত্ত ইমেইলে একটি **Verification Code (OTP)** পাঠানো হবে। ইমেইলে পাওয়া সেই কোডটি নির্ধারিত স্থানে লিখে নিচের ধাপগুলো অনুসরণ করতে হবে-

- Account Dashboard মেন্যুতে গিয়ে Start Verification-এ ক্লিক করুন;
- আপনার পেশা (Occupation) নির্বাচন করুন;
- Methodology থেকে Direct Assessment (In-person) নির্বাচন করুন;
- সংশ্লিষ্ট বিভাগ/শহর (City) নির্বাচন করুন;
- পরীক্ষার ভাষা (Test Language) নির্বাচন করুন (যে ভাষায় টেস্ট দিতে ইচ্ছুক);
- ভাষা নির্বাচন সম্পন্ন হলে ক্যালেন্ডারে পরীক্ষার তারিখসমূহ (সবুজ চিহ্নিত) প্রদর্শিত হবে;
- পছন্দসই তারিখ নির্বাচন করুন;
- তারিখ নির্বাচনের পর আপনার প্রদানকৃত তথ্যগুলো পুণরায় যাচাইয়ের জন্য প্রদর্শিত হবে, সব তথ্য সঠিক থাকলে 'I declare that the information entered is correct'-এ টিক চিহ্ন দিয়ে 'Confirm' ক্লিক করুন;
- পরীক্ষার ফি (৫০ ডলার) পরিশোধের জন্য ডলার এন্ডোর্সকৃত **মাস্টার কার্ড/ভিসা কার্ড** এর তথ্য (কার্ড নাম্বার, CVV, কার্ডের মেয়াদোত্তীর্ণের তারিখ, কার্ডহোল্ডারের নাম) প্রদান করে 'Pay' অপশনে ক্লিক করে ফি পরিশোধ করুন;
- পেমেন্ট সম্পন্ন হলে প্রার্থী নিজের Account Dashboard-এ ফিরে গিয়ে টিকিট (Test Ticket) ডাউনলোড করতে পারবেন। একই টিকিট প্রার্থীর ইমেইল ঠিকানাতেও প্রেরণ করা হবে।



**৪. রেজিস্ট্রেশনের সময় একক নামের প্রার্থীদের কীভাবে First Name ও Last Name লিখতে হয়?**

**উত্তর:** রেজিস্ট্রেশনের সময় একক নামের প্রার্থীদের First Name-এ নিজের নাম এবং Last Name-এ পিতার নাম লিখতে হয়। (**উদাহরণ:** যদি কারো নাম Jamil এবং পিতার নাম Abdul Karim হয়, তাহলে তাকামল রেজিস্ট্রেশনে তার নাম হবে Jamil Abdul Karim)।

**একক নামের ক্ষেত্রে একই নাম First Name ও Last Name ব্যবহার করা হলে তা ভুল হিসেবে বিবেচিত হবে।**

**৫. কীভাবে টেস্ট সেন্টার নির্বাচন করতে হয়?**

**উত্তর:** রেজিস্ট্রেশনের সময় প্রার্থী বিভাগ/সিটি নির্বাচন করবেন অতঃপর ঐ বিভাগ/সিটির আওতাভূক্ত সেন্টার স্বয়ংক্রিয়ভাবে নির্ধারিত হয়।

## *রেজিস্ট্রেশন ফি সংক্রান্ত তথ্য:*

**১. রেজিস্ট্রেশন ফি কত টাকা?**

**উত্তর:** ৫০ ডলার (ডলারের মূল্যমানের তারতম্যের কারণে কমবেশি ৬১৫০ টাকা)

**২. কীভাবে ফি দিতে হয়?**

**উত্তর:** ডলার এন্ডোর্সকৃত **মাস্টার কার্ড/ভিসা কার্ড** এর মাধ্যমে ফি পরিশোধ করা যায়। পরীক্ষার ফি (৫০ ডলার) পরিশোধের জন্য **মাস্টার কার্ড/ভিসা কার্ড** এর তথ্য (কার্ড নাম্বার, CVV, কার্ডের মেয়াদোত্তীর্ণের তারিখ, কার্ডহোল্ডারের নাম) প্রদান করে ‘Pay’ অপশনে ক্লিক করে ফি পরিশোধ করতে হয়।

## *রেজিস্ট্রেশনকৃত প্রার্থীর করণীয় সংক্রান্ত তথ্য:*

**১. রেজিস্ট্রেশন ফি প্রদান সম্পন্ন হওয়ার পর পরবর্তী ধাপ কী?**

**উত্তর:** Skills Verification Test এ অংশগ্রহণের প্রমাণপত্রস্বরূপ রিজার্ভেশন টিকিট/টেস্ট টিকিট ডাউনলোড করতে হয়।

**২. রিজার্ভেশন টিকিট ডাউনলোড করতে হয় কীভাবে?**

**উত্তর:** প্রার্থী নিজের Account Dashboard-এ গিয়ে Reservation অপশনে ক্লিক করে সহজেই টিকিট (Test Ticket) ডাউনলোড করতে পারে। একই টিকিট রেজিস্ট্রেশনের সময় প্রদত্ত ইমেইল ঠিকানায়ও স্বয়ংক্রিয়ভাবে পাঠানো হয়।

**৩. পরীক্ষার সময় কী কী ডকুমেন্ট সঙ্গে নিতে হয়?**

**উত্তর:** পরীক্ষার সময় নিম্নোক্ত ডকুমেন্ট সঙ্গে নিতে হয়-

- মূল পাসপোর্ট;
- পাসপোর্ট এর ফটোকপি;
- রিজার্ভেশন টিকিট/টেস্ট এপয়েন্টমেন্ট টিকিট;
- এক কপি ছবি।

**৪. টেস্ট শুরুর কত সময় পূর্বে টেস্ট সেন্টারে হাজির হতে হয়?**

**উত্তর:** ব্রিফিং শুরুর পূর্বেই টেস্ট সেন্টারে হাজির হওয়া প্রয়োজন।

**৫. পরীক্ষা চলাকালীন কোন বিশেষ নির্দেশনা রয়েছে কি ?**

**উত্তর:** হ্যাঁ, নিম্নবর্ণিত বিশেষ নির্দেশনাসমূহ পরীক্ষা চলাকালীন অনুসরণ করতে হবে, নতুবা প্রার্থীর পরীক্ষা বাতিল হতে পারে।

- মোবাইল ফোন ও ব্যক্তিগত জিনিসপত্র কেন্দ্রের নির্ধারিত লকারে রেখে পরীক্ষা কক্ষে প্রবেশ করা;
- কোন প্রকার অসদুপায় অবলম্বন থেকে বিরত থাকা (পরীক্ষা চলাকালীন পার্শ্ববর্তী প্রার্থীর দিকে ঝুঁকে তাকানো বা অসদুপায় হিসেবে গণ্য এমন কাজ না করা);
- পরীক্ষা কেন্দ্রে কোন প্রকার খারাপ আচরণ না করা।

## *সমস্যাবলি সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা:*

**১. রেজিস্ট্রেশনের সময় পাসপোর্ট নম্বর ভুল হলে পরীক্ষা দেয়া যাবে কি?**

**উত্তর:** না, রেজিস্ট্রেশনের সময় পাসপোর্ট নম্বর ভুল হলে পরীক্ষা দেওয়ার সুযোগ নেই। রেজিস্ট্রেশনের সময় অসাবধানতাবশত পাসপোর্ট নম্বর ভুল হলে তা অবশ্যই পরীক্ষার আগেই ভালোভাবে যাচাই করে ওয়েবসাইটে (svp-international.pacc.sa) প্রবেশ করে নিচে ডান কোণায় Support অপশনে গিয়ে বিস্তারিত তথ্য দিয়ে আবেদন করতে হবে।

**২. সার্টিফিকেটে কোনো তথ্য ভুল পরিলক্ষিত হলে করণীয় কী?**

**উত্তর:** ওয়েবসাইটে (svp-international.pacc.sa) প্রবেশ করে নিচে ডান কোণায় Support অপশনে গিয়ে নিম্নোক্ত তথ্য প্রদান করে তথ্য সংশোধনের জন্য Ticket Raise করা যায়:

- নাম;
- ইমেইল এড্রেস;
- Subject এ আপনার সমস্যার কথা উল্লেখ করতে হবে;
- Description এ সমস্যার বিবরণ সংক্ষেপে লিখতে হবে;
- Request Type এ Suggestion নির্বাচন করতে হবে;
- **Client** অপশনে Test Taker নির্বাচন করতে হবে;
- **Country** নির্বাচন করতে হবে;
- পাসপোর্ট নম্বর প্রদান করতে হবে;
- সবশেষে Attachment এ প্রাসঙ্গিক ডকুমেন্টস (পাসপোর্ট, টেস্ট টিকিট, টেস্ট সার্টিফিকেট ইত্যাদি) আপলোড দিয়ে Ticket Raise করা হলে তাকামল কর্তৃপক্ষ তথ্য যাচাই সাপেক্ষে সংশোধন করে থাকে।

**৩. Application এর পর পেশা (Occupation) পরিবর্তন করা যায় কি না?**

**উত্তর:** না, Application এর পর পেশা (Occupation) পরিবর্তনের কোনো সুযোগ নেই।

**৪. যদি টেস্টের দিন কোন প্রার্থী অনুপস্থিত থাকে তাহলে কী হবে?**

**উত্তর:** পরীক্ষায় প্রার্থী হাজির না হলে সেটি "অনুপস্থিত" হিসেবে গণ্য হবে, এবং টেস্ট শিডিউলের নির্ধারিত সময়ের ৯৬ ঘন্টা পর নতুন করে Application ফি প্রদান করে পুনরায় আবেদন করতে পারবে।

**৫. কোন প্রার্থী টেস্টের তারিখ পরিবর্তন করতে পারবে কি?**

**উত্তর:** টেস্টের নির্ধারিত তারিখ ও সময়ের ৯৬ ঘন্টা পূর্বে শুধুমাত্র একবার টেস্ট বাতিলপূর্বক পুনরায় টেস্ট (Rebook) শিডিউল গ্রহণের সুযোগ আছে।

## *ট্রেনিং সংক্রান্ত তথ্য:*

### ১. SVP ট্রেনিং কোথায় করানো হয়?

**উত্তর:** বর্তমানে লোডিং-আনলোডিং এবং অন্যান্য কিছু পেশায় ট্রেনিং চালু আছে। লোডিং-আনলোডিং পেশায় ট্রেনিং ফি **২০০০ টাকা**। ট্রেনিং প্রদানকারী টিটিসিসমূহ:

| **ক্রমিক** | **টিটিসির নাম** | **পেশা** | প্রশিক্ষণের মেয়াদ |
|---|---|---|---|
| ১ | জয়পুরহাট টিটিসি | লোডিং-আনলোডিং | ৩ দিন |
| ২ | গোপালগঞ্জ টিটিসি | লোডিং-আনলোডিং | |
| ৩ | সুনামগঞ্জ টিটিসি | লোডিং-আনলোডিং | |
| ৪ | জামালপুর টিটিসি | লোডিং-আনলোডিং | |
| ৫ | চুয়াডাঙ্গা টিটিসি | লোডিং-আনলোডিং | |
| ৬ | ফেনী টিটিসি | লোডিং-আনলোডিং | |
| ৭ | কেরানীগঞ্জ টিটিসি | লোডিং-আনলোডিং | |
| ৮ | ঝালকাঠি টিটিসি | লোডিং-আনলোডিং | |
| ৯ | ঢাকা মহিলা টিটিসি | লোডিং-আনলোডিং | |
| ১০ | গাইবান্ধা টিটিসি | লোডিং-আনলোডিং | |
| ১১ | কুড়িগ্রাম টিটিসি | লোডিং-আনলোডিং | |
| ১২ | নওগাঁ টিটিসি | লোডিং-আনলোডিং | |
| ১৩ | লক্ষ্মীপুর টিটিসি | লোডিং-আনলোডিং | |
| ১৪ | নেত্রকোণা টিটিসি | লোডিং-আনলোডিং | |
| ১৫ | কুষ্টিয়া টিটিসি | লোডিং-আনলোডিং | |
| ১৬ | শেরপুর টিটিসি | লোডিং-আনলোডিং | |
| ১৭ | রাজবাড়ী টিটিসি | লোডিং-আনলোডিং | |
| ১৮ | নাটোর টিটিসি | লোডিং-আনলোডিং | |
| ১৯ | পঞ্চগড় টিটিসি | লোডিং-আনলোডিং | |
| ২০ | লালমনিরহাট টিটিসি | লোডিং-আনলোডিং | |
| ২১ | সাতক্ষীরা টিটিসি | লোডিং-আনলোডিং | |
| ২২ | মাগুরা টিটিসি | লোডিং-আনলোডিং | |
| ২৩ | ঠাকুরগাঁও টিটিসি | লোডিং-আনলোডিং | |
| ২৪ | দিনাজপুর টিটিসি | লোডিং-আনলোডিং | |

অন্যান্য পেশায় **ট্রেনিং ফি প্রযোজ্য নয়।** ট্রেনিং সেন্টারসমূহ:

| ক্রমিক | টিটিসির নাম | পেশা | প্রশিক্ষণের মেয়াদ |
|---|---|---|---|
| ১ | কিশোরগঞ্জ টিটিসি | গ্যাস স্টেশন এটেন্ডেন্ট | ৫ দিন |
| ২ | বিকে টিটিসি, চট্টগ্রাম | সেলার | |
| ৩ | ঢাকা মহিলা টিটিসি | ফুড এন্ড বেভারেজ কাউন্টার সার্ভিস | ১০ দিন |
| ৪ | সিলেট টিটিসি | বার্বার | |
| ৫ | বিকে টিটিসি, ঢাকা | কনক্রিট ফিনিশার | |
| ৬ | খুলনা টিটিসি | বিল্ডিং এন্ড কনস্ট্রাকশন ওয়ার্কার | |
| ৭ | ঝালকাঠি টিটিসি | বিল্ডিং এন্ড কনস্ট্রাকশন ওয়ার্কার | |
| ৮ | মৌলভীবাজার টিটিসি | বিল্ডিং এন্ড কনস্ট্রাকশন ওয়ার্কার | |
| ৯ | নীলফামারী টিটিসি | বিল্ডিং এন্ড কনস্ট্রাকশন ওয়ার্কার | |
| ১০ | চাঁপাইনবাবগঞ্জ টিটিসি | বিল্ডিং এন্ড কনস্ট্রাকশন ওয়ার্কার | |

**২. ট্রেনিং শেষে কোনো প্রত্যয়নপত্র পাওয়া যাবে?**

**উত্তর:** হ্যাঁ, সংশ্লিষ্ট টিটিসির অধ্যক্ষের স্বাক্ষরে একটি প্রত্যয়নপত্র পাওয়া যাবে।

**৩. ট্রেনিংয়ের প্রত্যয়নপত্র কি Skills Verification Test পাসের ক্ষেত্রে কাজে আসবে?**

**উত্তর:** না, ট্রেনিং নির্দিষ্ট পেশায় দক্ষতা অর্জনের একটা মাধ্যমমাত্র। প্রার্থীকে Skills Verification Test এ অংশগ্রহণ করে কর্মদক্ষতা প্রমাণ করে পাশ করতে হয়।

**৪. ট্রেনিংয়ের প্রত্যয়নপত্র কি কোথাও SVP Certificate হিসেবে Submit করা যাবে?**

**উত্তর:** না, এটি কোনো Certificate নয়, শুধুমাত্র একটি প্রত্যয়নপত্র।

**৫. ট্রেনিং করা কি বাধ্যতামূলক?**

**উত্তর:** না, প্রার্থী প্রয়োজনবোধ করলে ট্রেনিং কার্যক্রমে অংশ নিতে পারেন।